**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার আগরতলা ডেন্টাল কলেজে গবেষণা ও প্রশিক্ষণ পরিকাঠামো আরও শক্তিশালী করার পরিকল্পনা গ্রহণ করেছে |**

**(২) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন রাজ্য সরকার মৎস্য চাষে স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে কাজ করে চলছে |**

**(৩) পাঁচ দেশ সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে ফিরে এসেছেন |**

**(৪) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন যে, নন-ব্যাংকিং আর্থিক সংস্থা বা এনবিএফসি-র ক্ষেত্রে ঋণ আদায়ে ন্যায়সঙ্গত, সহানুভূতিশীল এবং সম্মানজনক পদ্ধতি অনুসরণ করা উচিত।**

*****************************************

**CM Visit-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার আগরতলা ডেন্টাল কলেজে গবেষণা ও প্রশিক্ষণ পরিকাঠামো আরও শক্তিশালী করার পরিকল্পনা গ্রহণ করেছে। এই লক্ষ্যে কলেজের চিকিৎসকদের কাছ থেকেও বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাব গ্রহণ করা হয়েছে। আজ আগরতলার ডেন্টাল কলেজ পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের এখবর জানান। তিনি জানান, এই কলেজে চিকিৎসা পরিষেবা আরো মানোন্নয়নের জন্য আজ কলেজের অধ্যক্ষ, বরিষ্ঠ চিকিৎসক ও স্বাস্থ্য দপ্তরের পদস্থ আধিকারিকদের নিয়ে বৈঠক করেন।

#######Byte-CM#######

মুখ্যমন্ত্রী জানান, ডেন্টাল কলেজের হোস্টেল নির্মাণের কাজ দ্রুততার সঙ্গে শেষ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

******************************

**National Fish Farmers' Day:**

আজ ২৫তম জাতীয় মৎস্যচাষী দিবস। ১৯৫৭ তে বিশিষ্ট মৎস্য বিজ্ঞানী অধ্যাপক ডক্টর হীরালাল চৌধুরী ও ডক্টর কে. এইচ আলিকুনহির অনবদ্য প্রয়াসে ভারতীয় মৎস্য চাষে প্রজননগত অসাধারণ সাফল্যের স্বীকৃতি স্বরূপ এই দিবস উদযাপন করা হয়ে থাকে। এ বছর জাতীয় মৎস্যচাষী দিবসের মূল ভাবনা 'জাতির সুস্বাস্থ্যের জন্য স্বাস্থ্যবান মাছ। জাতীয় মৎস্যচাষী দিবস উপলক্ষে আজ লেম্বুছড়ায় কলেজ অফ ফিশারিজ আয়োজিত অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন রাজ্য সরকার মৎস্য চাষে স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে কাজ করে চলছে ।

রাজ্যে স্থানীয় মাছের চাহিদা বেশি হওয়ায় মাছের চাষ সবচেয়ে লাভজনক বলেও অভিমত ব্যক্ত করেন মৎস্যমন্ত্রী।

#####BYTE-SUDHANGSHU DAS ######

মৎস্য চাষের সমৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবনী প্রযুক্তির কর্মশালা, প্রদর্শনী এবং উত্তর-পূর্বের সেরা মৎস্যচাষীদের পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজ অফ ফিশারিজের ডিন অধ্যাপক অরুণ ভাই প্যাটেল, নাবার্ডের জেনারেল ম্যানেজার অনিল এস কটমিরে, কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় ইম্ফলের নির্দেশনা বিভাগের অধিকর্তা ইন্দিরা সারাংথেম, মৎস্য অধিকর্তা সন্তোষ দাস।

******************************

**National Fishermen's Day-Dhalai :**

জাতীয় মৎস্য চাষী দিবস উপলক্ষ্যে আজ ধলাই জেলার আভাঙ্গা মৎস্য তত্বাবধায়ক উদ্যোগে গারদটিলা মৎস্য চাষী প্রশিক্ষণ কেন্দ্রে মাছের প্রজননের বিষয়ে কর্মশালার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনী

পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভানু প্রতাপ লোদী, কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান প্রশান্ত সিনহা, আভাঙ্গা মৎস্য তত্ত্বাবধায়ক সুমেন শীল। অনুষ্ঠানে ২ জন মৎস্য চাষী এবং ১টি স্বসহায়ক দলকে মৎস চাষে উল্লেখযোগ্য সাফল্যের জন্য পুরষ্কৃত করা হয়।

*****************************

**KISHORI UTKARISH :**

বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় বলেছেন, সমাজ থেকে নেশা ও বাল্যবিবাহের মত সামাজিক ব্যাধিগুলি দূর করতে হলে নারী পুরুষ সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। আজ আগরতলার কুঞ্জবনস্থিত এস.সি.ই.আর.টি মিলনায়তনে সমগ্র শিক্ষা আয়োজিত দুদিনের জেলাভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন এই আয়োজনের মূল উদ্দেশ্য উৎকর্ষতার নিরিখে একটা প্ল্যাটফর্ম দেওয়া যাতে মেয়েরা তাদের চিন্তা ভাবনার বিকাশ ঘটাতে পারে এবং তারা আত্মপরিচয়ের সুযোগ পায়। কারন মেয়েরা পুরুষের চেয়ে কোন অংশেই পিছিয়ে নেই। সংবিধান আমাদের সেই অধিকার দিয়েছে। তিনি বলেন, মহিলাদের সুরক্ষা ও সমান অধিকারের লক্ষ্যেই প্রধানমন্ত্রী নানা কর্মসূচি গ্রহণ করেছেন, যার মধ্য দিয়ে মহিলারা আত্মনির্ভর হতে পারেন। রাজ্য সরকার ও সেই লক্ষ্যেই কাজ করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, এস.সি.ই.আর.টি-র অধিকর্তা এল র্ডালং, ডিস্ট্রিক্ট প্রজেক্ট কো-অর্ডিনেটর পল্লব কান্তি সাহা। দুদিনের কিশোরী উৎকর্ষ মঞ্চের অনুষ্ঠানে পশ্চিম জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে ৫০ জন নির্বাচিত ছাত্রী অংশগ্রহণ করে। এই মঞ্চে তাদের মত প্রকাশ, শিক্ষা ও লিঙ্গ বিষয়ক সচেতনতা বৃদ্ধি, বিতর্ক প্রতিযোগিতা, চিত্রকলা সহ বিভিন্ন বিষয়ে সুপ্ত প্রতিভা তুলে ধরবে।

****************************

**Guru Purnima :**

আজ গুরু পূর্ণিমা। ভারতীয় ঐতিহ্য অনুযায়ী গুরু পরম্পরার প্রতি শ্রদ্ধা নিবেদনের তিথি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুরু পূর্ণিমা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গুরুপূর্ণিমার শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুরু পূর্ণিমা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাজ্যেও এই তিথি উদযাপনে নানা আয়োজন করা হয়। আগরতলার রামকৃষ্ণ মিশন, জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দিরসহ প্রায় সব মন্দির ও বিভিন্ন আশ্রমে দিনটি উদযাপনে গুরু পূজার্চনার আয়োজন করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগেও দিনটি উদযাপন করা হয়।

গুরু পূর্ণিমা উপলক্ষ্যে সাংসদ রাজীব ভট্টাচার্য আজ ধলেশ্বর রামকৃষ্ণ মিশনে স্বামী অর্মত্যানন্দ মহারাজের সঙ্গে সাক্ষাৎ করেন।

মেয়র দীপক মজুমদার আজ রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ তথা ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গন চৌধুরীকে সম্বর্ধনা প্রদান করেন।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM, visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘানা, ত্রিনিদাদ ও টোবাগো, আর্জেন্টিনা, ব্রাজিল এবং নামিবিয়া সফর শেষে নতুনদিল্লিতে ফিরেছেন। প্রধানমন্ত্রী তাঁর সফরকালে ভারতের সঙ্গে সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা করার জন্য এই দেশগুলির রাষ্ট্রপ্রধানদের সাথে মতবিনিময় করেছেন। শ্রী মোদী রিও ডি জেনেইরোতে ব্রিকস শীর্ষ সম্মেলনেও যোগ দিয়েছেন।

এই সফরগুলির লক্ষ্য ছিল বৈশ্বিক দক্ষিণ জুড়ে ভারতের বন্ধনকে আরও শক্তিশালী করা, আটলান্টিকের উভয় পাশে অংশীদারিত্ব জোরদার করা এবং BRICS, আফ্রিকান ইউনিয়ন সহ অন্যান্য  বহুপাক্ষিক মঞ্চগুলিতে সম্পর্ক আরও গভীর করা।

*******************************

**Union Finance Minister :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন যে নন-ব্যাংকিং আর্থিক সংস্থা বা এনবিএফসি-র ক্ষেত্রে ঋণ আদায়ে ন্যায়সঙ্গত, সহানুভূতিশীল এবং সম্মানজনক পদ্ধতি অনুসরণ করা উচিত। আর সেটা অবশ্যই আরবিআইয়ের নির্দেশিত বিধিবদ্ধতা কঠোরভাবে মেনে  হওয়া উচিত বলেও তিনি জানান। নয়াদিল্লিতে এনবিএফসি সিম্পোজিয়াম ২০২৫-এ ভাষণ দেওয়ার সময় আজ এই কথা বলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী। তিনি আরও বলেন ঋণের বিষয়টি গ্রাহকদের প্রকৃত চাহিদা এবং পরিশোধের ক্ষমতার উপর ভিত্তি করে হওয়া উচিত।

######Byte- Nirmala  Sitharaman######

************************************

**Packege Story-Indo German :**

বন দপ্তরের পরিচালনায় ধলাই ও উত্তর ত্রিপুরা জেলায় সফলভাবে রূপায়িত হচ্ছে ইন্দো - জার্মান প্রকল্প। একটি প্রতিবেদন।

#######VC#######

******************************

**Financial assistance :**

কেন্দ্রীয় সরকার বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, কেরালা এবং উত্তরাখণ্ডের জন্য এক হাজার ৬৬ কোটি টাকারও বেশি অর্থ সহায়তার অনুমোদন দিয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, আসামের জন্য ৩৭৫ কোটি টাকারও বেশি, মণিপুরে ২৯ কোটি টাকারও বেশি, মেঘালয়ে ৩০ কোটি টাকারও বেশি, মিজোরামে ২২ কোটি টাকারও বেশি, কেরালায় ১৫৩ কোটি টাকারও বেশি এবং উত্তরাখণ্ডে ৪৫৫ কোটি টাকারও বেশি অর্থ বরাদ্দ করা হয়েছে।

---

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************